



স্থাপিত: ১৯৬৮ মোবাইল: ০১৭১২-০৭২৯৪২
জাতীয়করণ: ১৯৮৬ ওয়েবসাইট: www.gjkagc.gov.bd

ফোন: ০৫৯২৫-৫৬২৩১
ই-মেইল: gjkagcollege@gmail.com
patgramgovt.college@gmail.com

তারিখ: ০৯/০৬/২০২২ খ্রি.

এইচএসসি পরীক্ষা ২০২২ এর ফরমপূরণ বিজ্ঞপ্তি

এ কলেজের এইচএসসি পরীক্ষা ২০২২ এর সকল পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে পরীক্ষার ফরমপূরণ, প্রয়োজনীয় ফি প্রদান করার নিয়মাবলি ও তারিখ নিম্নে উল্লেখ করা হলো:

ক) কেবল বৈধ রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীগণ আবেদনফরম পূরণ করতে পারবে।

খ) নিয়মিত, অনিয়মিত, আংশিক বিষয়ে অকৃতকার্য, জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী অর্থাৎ সকল ধরনের পরীক্ষার্থীকে অবশ্যই ফরমপূরণ করতে হবে। ফরমপূরণ ব্যতীত পরীক্ষার্থীর ফলাফল প্রকাশের সুযোগ নেই।

এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত:

(ক) যে সকল পরীক্ষার্থী ২০১৯/২০২০/২০২১ সালের এইচএসসি পরীক্ষায় এক বা একাধিকবার অংশগ্রহণ করে এক/দুই বিষয়ে (চতুর্থ বিষয় বাদে) অকৃতকার্য/অনুপস্থিত হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২২ সালে অনূষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষায় অবশিষ্ট অকৃতকার্য/অনুপস্থিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। আংশিক বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণ কখনই চতুর্থ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে পরীক্ষার্থীগণ ইচ্ছা করলে এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ না করে চতুর্থ বিষয়সহ সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) যে সকল পরীক্ষার্থী ২০১৯/২০২১ সালের এইচএসসি পরীক্ষায় এক/দুই বিষয়ে অকৃতকার্য/অনুপস্থিত হয়ে ২০১৯/২০২১ সালে এইচএসসি পরীক্ষায় ঐ এক/দুইবিষয়ের পরীক্ষায় অংশগ্রহণকালে বহিষ্কার অথবা অভিযুক্ত হয়েছে এবং শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০১৯/২০২১ সালের পরীক্ষা বাতিল হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২২ সালের সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(গ) শুধুমাত্র তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের অকৃতকার্য পরীক্ষার্থীকে অবশ্যই ফরমপূরণ করতে হবে। ফরমপূরণ ব্যতীত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের অকৃতকার্য পরীক্ষার্থীর ফলাফল প্রকাশ করা সম্ভব হবে না।

পরীক্ষার ফি পরিশোধের পদ্ধতি:

১। ফরমপূরণ ও বকেয়া সেসন ফি Nagad App এর মাধ্যমে নিম্নের পদ্ধতি অনুসরণ করে জমা দিতে হবে।

ফরমপূরণ ও বকেয়া সেসন ফি এর হার:

| বিভাগ | ছাত্র | | | ছাত্রী | | | মন্তব্য |
|------------------------|------------|---------|--------|------------|---------|--------|--|
| | ফরমপূরণ ফি | সেসন ফি | মোট | ফরমপূরণ ফি | সেসন ফি | মোট | |
| বিজ্ঞান | ২৪৮০/- | ২৩২০/- | ৪৮০০/- | ২৪৮০/- | ২০৮০/- | ৪৫৬০/- | মোট টাকার ১% টাকা নগদ মোবাইল ব্যাংকিং চার্জ প্রযোজ্য |
| মানবিক/ব্যবসায় শিক্ষা | ১৯২০/- | ২২০০/- | ৪১২০/- | ১৯২০/- | ১৯৬০/- | ৩৮৮০/- | |

২। অনিয়মিত এবং জিপি উন্নয়ন পরীক্ষার্থী ফরমপূরণ ফি এর পরিমাণ জানার জন্য কলেজের হিসাব শাখায় যোগাযোগ করতে হবে।

Step-1: শিক্ষার্থী নিজে/এজেন্টের মাধ্যমে Nagad App এ প্রবেশ করবে এবং নির্দিষ্ট পরিমাণ টাকা ব্যালাস থাকতে হবে।

Step-2: Bill Pay অপশনে ক্লিক করবে।

Step-3: Search Biller Option গিয়ে এর জায়গায় Biller ID টাইপ করলে কলেজের নাম (Govt Jasmuddin kazi Abdul Gani College) দেখাবে।

Step-4: Biller Number এর জায়গায় Student ID (HSC রেজিস্ট্রেশন নাম্বার) এন্ট্রি দিতে হবে।

Step-5: Pay For এর জায়গায় Self সিলেক্ট করে Amount এর জায়গায় এবং নির্দিষ্ট পরিমাণ টাকা টাইপ করে Submit বাটনে ক্লিক করতে হবে, এর সঙ্গে অতিরিক্ত মোবাইল ব্যাংকিং চার্জ কর্তন হবে।

Step-6: Nagad App ব্যবহারকারীর PIN নম্বর দিয়ে Confirm বাটনে ক্লিক করতে হবে।

৩। ফি প্রদান সম্পন্ন হলে মোবাইল TxnID সঞ্চলিত এসএমএস আসবে। উক্ত TxnID নম্বরটি দায়মুক্তি সনদ এর উপরে হাতে লিখে নির্ধারিত তারিখের মধ্যে হিসাব শাখায় জমা দিতে হবে।

ফরমপূরণের তারিখ: ১৫/০৬/২০২২ ও ১৬/০৬/২০২২

বি. দ্র. :- নির্ধারিত সময়ের মধ্যে কোন পরীক্ষার্থী ফি পরিশোধ করতে ব্যর্থ হলে তার ফরমপূরণ সম্পন্ন হয়নি বলে গণ্য হবে।

ফরমপূরণ সংক্রান্ত যেকোনো তথ্যের জন্য যোগাযোগ করা যাবে:

০১। জনাব এমরান আহমেদ অহ্বায়ক মোবাইল: ০১৭৬৭৪৮৬৭৭৬

সহকারী অধ্যাপক ও বিভাগীয় প্রধান, উদ্ভিদবিদ্যা বিভাগ

০২। জনাব মো. তহিজার রহমান সদস্য মোবাইল: ০১৭১৯৫৪৭৮৩৯

প্রভাষক ও বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ

০৩। জনাব মো. আতিকুর রহমান সদস্য মোবাইল: ০১৭৩৮২৩৬০০৬

প্রভাষক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি

(মো. হাবিবুর রহমান ০১৭১২৬)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

সরকারি জসমুদ্দিন কাজী আব্দুল গণি কলেজ

পাটগ্রাম, লালমনিরহাট

সংযোগ: ০১৭১২৬

অধ্যক্ষ

সরকারি জসমুদ্দিন কাজী আব্দুল গণি কলেজ

পাটগ্রাম, লালমনিরহাট